দৈনিক ইত্তেফাক

তারিখ 12 FEB 1990
পৃষ্ঠা ৭

24

# দেশে ২টি ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবী

বিএনপি (ওবায়েদ) ইসলামী শিক্ষার প্রসারের জন্য দেশে দুইটি ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## দুইটি বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

দাবী জানাইয়াছে। গত শুক্রবার দলের বিশেষ বর্ধিত সভায় গৃহীত প্রস্তাবে এই দাবী জানানো হয়। কে,এম, ওবায়দুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত বর্ধিত সভায় আইন-শৃংখলা পরিস্থিতির অবনতিতে উদ্বেগ প্রকাশ করিয়া সরকারের পদত্যাগ দাবী করা হয়। সভায় গৃহীত প্রস্তাবে বলা হয়, সরকার জনগণকে অধিকার প্রতিষ্ঠার আন্দোলন হইতে দূরে রাখার জন্য প্রহসনমূলক নির্বাচনের অবতারণা করিয়াছে। প্রস্তাবে সংশোধিত শ্রম আইন বাতিল, যশোরে পুলিশের গুলীবর্ষণের বিচার বিভাগীয় তদন্ত ও রেডিও-টিভিকে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে রূপান্তরের দাবী জানানো হয়। —প্রেস বিজ্ঞপ্তি।